

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যোগাযোগ মন্ত্রণালয়  
সড়ক বিভাগ  
সওজ গেজেটেড সংস্থাপন শাখা  
website : moc.gov.bd

নং- ৩৫.০২২.০১৪.০০.০০.০৮৬.২০১২-৩২৯

তারিখ : ১৫/০৫/২০১৩ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আবহাওয়া বার্তা অনুযায়ী বঙ্গোপসাগরে সৃষ্ট প্রবল ঘূর্ণিঝড় 'মহাসেন' শক্তিশালী হয়ে বাংলাদেশের উপকূলের দিকে অগ্রসর হচ্ছে। দেশের উপকূলবর্তী জেলাসমূহে ঘূর্ণিঝড়টির আঘাত হানার আশঙ্কা রয়েছে। আসন্ন ঘূর্ণিঝড়জনিত যে কোন দুর্যোগময় জরুরী পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে গৃহীত পদক্ষেপ নিম্নরূপ :

- (১) সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন উপকূলবর্তী সকল জোন, সড়ক সার্কেল এবং সড়ক বিভাগসমূহের কর্মকর্তা/কর্মচারীদের সাপ্তাহিক ছুটিসহ সকল প্রকার ছুটি পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এতদ্বারা বাতিল করা হল;
- (২) 'মহাসেন' সৃষ্ট দুর্যোগ মোকাবেলায় দুর্যোগ পূর্ববর্তী, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সকল কর্মকাণ্ডে সড়ক ও জনপথ অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী যথাযথভাবে অংশগ্রহণ করবেন;
- (৩) প্রধান প্রকৌশলী ঘূর্ণিঝড় দুর্যোগ মোকাবেলা সক্রিয় সমন্বয়ের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরে সার্বক্ষণিক নিয়ন্ত্রণ কক্ষ অনতিবিলম্বে চালু করবেন এবং খুলনা, বরিশাল, কুমিল্লা এবং চট্টগ্রাম সড়ক জোনে নিয়ন্ত্রণ কক্ষ চালু নিশ্চিত করবেন;
- (৪) প্রধান প্রকৌশলী এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী, যান্ত্রিক জোন সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন উপকূলীয় জেলাসমূহে দুর্যোগকালীন সময়ে কোন ফেরী, পন্টুন ও গ্যাংওয়ে এর যাতে কোনরূপ ক্ষতি না হয় এবং দুর্যোগ পরবর্তী সময়ে সচল থাকে সে বিষয়ে কার্যকরী ও যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

\*\* সড়ক বিভাগে চালু নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর ৯৫৫৫৩২৩।

Web Admin  
সড়ক ও জনপথ অধিদপ্তর  
১৫/০৫/১৩

  
(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৮৫২৫৭

বিতরণ :

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, খুলনা, বরিশাল, কুমিল্লা এবং চট্টগ্রাম জোন।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, যান্ত্রিক জোন, ঢাকা।

অনুলিপি :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অফিস কপি/মাস্তার কপি।